

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩০.১৯-৩৭৬

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪২৬
২৩ জুলাই ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১২৯২১/২০১৬ মামলায় মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত ১৫/০৫/২০১৭ তারিখের আদেশ আলোকে পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন মাধবপুর দাখিল মাদরাসা এমপিওভুক্তকরণ সংক্রান্ত।

সূত্রঃ সুপার. মাধবপুর দাখিল মাদরাসা-এর স্মারক নং-মা:দা:মা: এমপিও ৭/৬/১৯, তারিখ: ১৬/০৬/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন মাধবপুর দাখিল মাদরাসা'র প্রতিষ্ঠাতা ও ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: হানিফ উল্লাহ কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১২৯২১/২০১৬ মামলা দায়ের করা হয়।

২। রিট পিটিশন নং-১২৯২১/২০১৬ মামলায় মাননীয় আদালত কর্তৃক ১৫/০৫/২০১৭ তারিখে নিম্নরূপ রায়/নির্দেশনা প্রদান করা হয়-

"Accordingly, Respondents are directed to dispose of the application of the petitioner dated 16.02.2010 (Annexure-H) within 30 (thirty) days of receipt of a copy of this judgment and consider to enlist the petitioner's Madrasah, namely Madabpur Dakhil Madrasa in the list of MPO, in accordance with law. With above direction this Rule is disposed of."

৩। উক্ত রিট মামলার রায়/নির্দেশনা বাস্তবায়ন না হওয়ায় জনাব মো: আলমগীর, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে কনটেম্পটনর করে পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৬১/২০১৯ (রিট পিটিশন নং-১২৯২১/২০১৬ হতে উদ্ভূত) মামলা দায়ের করা হয়। উক্ত কনটেম্পট মামলায় ১২/০৫/২০১৯ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়-

" This is an application for personal appearance fo the contemnor-respondent. Let this application be kept with the record for the time being.

In the meantime, we are of the view that a remainder should be issued before taking any action against the contemnor-respondent for showing utter disregard and disobedience to this Division.

Accordingly, we direct the contemnor-respondent to implement the aforesaid judgment and order dated 15.05.2017 passed the High Court Division in Writ Petition No. 12921 of 2016 within 7 (seven) days from the date of receipt of this order without any fail.

৪। কনটেম্পট পিটিশন নং-৬১/২০১৯ (রিট পিটিশন নং-১২৯২১/২০১৬ হতে উদ্ভূত) মামলায় মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে টিএমইডি হতে পিটিশনার এর ১৬/০২/২০১০ তারিখের (Annexure-H) আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তিক্রমে পিটিশনারকে অবহিতক্রমে নিষ্পত্তির বিষয়টি কনটেম্পট মামলার জবাবে উল্লেখ করে সংশ্লিষ্ট আদালতে দাখিল করত: টিএমইডি-কে ০৭/৭/২০১৯ তারিখের মধ্যে অবহিত করার জন্য ডিএমই-কে গত ২৩/৬/১৯ তারিখে ৩২৫ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছিল। ডিএমই কর্তৃক উক্ত পত্রের উপর গৃহীত ব্যবস্থার তথ্য অদ্যাবধি জানা যায়নি।

৫। ইতোমধ্যে পিটিশনার কর্তৃক রিট পিটিশন নং-১২৯২১/২০১৬ মামলার রায়ের আলোকে বর্ণিত প্রতিষ্ঠানটির এমপিও প্রদানের বিষয়টি পুনরায় বিবেচনার জন্য উক্ত প্রতিষ্ঠানের গত ১০ বছরের দাখিল পরীক্ষার ফলাফলের চিত্রসহ আবেদন করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানটি ২৭ বছর যাবৎ এমপিওভুক্ত ছাড়া বিনা বেতনে চলছে মর্মে আবেদনে উল্লেখ করা হয়েছে।

৬। এফগে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ অনুরোধ করা প্রয়োজন-

(ক) রিট পিটিশন নং-১২৯২১/২০১৬ মামলায় ১৫/০৫/২০১৭ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা অনুযায়ী পিটিশনার এর ১৬/০২/২০১০ তারিখের (Annexure-H) আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির বিষয়ে টিএমইডি'র ২৩/৬/২০১৯ তারিখের ৩২৫ নং স্মারকে প্রেরিত পত্রের উপর গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি টিএমইডি-কে অবহিত করা।

(খ) সে সাথে বর্তমানে যেহেতু প্রতিষ্ঠান এমপিওভুক্তির যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে সেহেতু যদি বর্ণিত প্রতিষ্ঠানটির পক্ষে অনলাইনে আবেদন দাখিল করা হয়ে থাকে এবং এমপিওভুক্তির জন্য বিদ্যমান নীতিমালার প্রযোজ্য শর্তসমূহ পূরণ থাকে তাহলে উক্ত প্রতিষ্ঠানটি নিয়মতান্ত্রিকভাবেই এমপিওভুক্তির সুযোগ পাবে মর্মে নিষ্পত্তিপত্রে উল্লেখপূর্বক নিষ্পত্তিপত্র মহামান্য আদালতের গোচরে নেয়া।

৭। এমতাবস্থায়, উপরিউক্ত মতে ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামি ৩০/৭/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-তে প্রেরণ বিস্মত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

মো: আ: খালেক মিঞা
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। সুপার, মাধবপুর দাখিল মাদ্রাসা, ডাকঘর- মাধবপুর, উপজেলা- বাউফল, জেলা- পটুয়াখালী।
- ৬। অফিস কপি/মাস্টার কপি।